



রাজধানীতে কয়েক স্থানে ককটেল বিস্ফোরণ, এবার বাসে আগুন



ছবি: সংগৃহীত

রাজধানীর কাফরুলে মিরপুর সুপার লিংক নামে একটি বাসে আগুন লাগার ঘটনা ঘটেছে। শুক্রবার (১৮ সেপ্টেম্বর) রাত ১০টা ১৪ মিনিটে অগ্নিকাণ্ডের খবর পায় ফায়ার সার্ভিস। আগুন নেভাতে দুটি ইউনিট ঘটনাস্থলের দিকে রওনা হয়েছে।

ফায়ার সার্ভিসের ডিউটি অফিসার শাহজান ইসলাম জানান, কাফরুল থানার সামনে বাসটিতে আগুন লাগার খবর পেয়ে দুটি ইউনিট পাঠানো হয়েছে। আগুনের সূত্রপাত কীভাবে হয়েছে কিংবা এতে কেউ হতাহত হয়েছেন কি না, তা তৎক্ষণিকভাবে জানা যায়নি।

এর আগে শুক্রবার জুমার নামাজের পর মালিবাগ রেলগেটসংলগ্ন সড়কে সোহাগ পরিবহনের কাউন্টারের পাশে দুটি ককটেল বিস্ফোরিত হয়।

পরে সন্ধ্যায় মহাখালী এলাকায় অল্প সময়ের ব্যবধানে আরও দুটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। প্রায় একই সময়ে আগারগাঁওয়ের বাংলাদেশ বেতার ভবনের কাছাকাছি সড়কেও একটি ককটেল বিস্ফোরিত হয়।

এ ছাড়া যাত্রাবাড়ীতে পরপর পাঁচটি ককটেল বিস্ফোরণের খবর পাওয়া যায়। এতে এক রিকশাচালক আহত হন। পরে তাঁকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। যাত্রাবাড়ীতে বিস্ফোরণের সময় সড়কে যানবাহন ও মানুষের চলাচল স্বাভাবিক ছিল। একের পর এক বিস্ফোরণের শব্দে পথচারী ও স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। অনেকে নিরাপদ জায়গার সন্ধানে ছোট্টছুটি করেন এবং আশপাশের দোকান ও ভবনে আশ্রয় নেন।

ঘটনার খবর পেয়ে কয়েক মিনিটের মধ্যে পুলিশসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থলে যান। পরে ওই এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।